ভোরের কাগজ

NOV. 20 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢা.বি কর্তৃপক্ষের আশ্বাসের প্রেক্ষিতে ছাত্রলীগের কর্মসূচি ঘোষণা স্থগিত

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ১১ দফা দাবি-দাওয়া পূরণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আশ্বাসের পরিপ্রেক্ষিতে ছাত্রলীগ তাদের কঠোর কর্মসূচি ঘোষণা স্থগিত করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রলীগের ১১ দফা দাবির মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে কয়েকটি দাবি আগামী এক সপ্তাহের মধ্যে বাস্তবায়নের আশ্বাস দিয়েছে।

উপাচার্যের কার্যালয় সংলগ্ন কনফারেন্স কক্ষে গতকাল বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং ছাত্রলীগ নেতৃবৃন্দের সফল আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় ঢা. বি. কর্তৃপক্ষ ছাত্রলীগের ১১ দফা দাবি-দাওয়ার অনেকগুলোর মধ্যে যৌক্তিকতা রয়েছে বলে মত প্রকাশ করে।

হলগুলো খালি করে বৈধ ছাত্রদের হলে তুলে দেওয়া, সুষ্ঠু পরিবেশ সৃষ্টি না হওয়া পর্যন্ত পরীক্ষা স্থগিত রাখা, হলের নিয়ন্ত্রণ হল প্রশাসনের হাতে ফিরিয়ে দেওয়া, হলে হলে সহাবস্থান নিশ্চিত করা, বিতাড়িত নেতাকর্মীদের জিনিসপত্র লুটপাটের বিচার করা এবং ক্ষতিপূরণ প্রদানসহ ১১ দফা দাবি ছাত্রলীগ কর্তৃপক্ষের সামনে তুলে ধরে।

দাবি-দাওয়া মেনে না নিলে ছাত্রলীগ ক্যাম্পাসে লাগাতার ধর্মঘটের মতো কঠোর কর্মসূচি দেওয়ার ঘোষণা দেয়।

সৌহার্দ্যপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত আলোচনা সভায় সিদ্ধান্ত গৃহীত হয় যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবাসিক হলসমূহের ছাত্রদের মধ্য থেকে বৈধ ছাত্রদের অবস্থান নিশ্চিত করা এবং তাদের নিরাপত্তা বিধান করার ব্যাপারে বদ্ধপরিকর।

সভায় বিশ্ববিদ্যালয়ের প্রতিটি ছাত্র যাতে ক্লাসে উপস্থিত হতে পারে, পরীক্ষায় অংশগ্রহণসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারে তা নিশ্চিত করার ঘোষণা দেওয়া হয়।

সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, বৈধ ছাত্রদের হলে অবস্থান নিশ্চিত করার ব্যাপারে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো আগামী সপ্তাহের মধ্যে বাস্তবায়ন করা হবে।

এ ছাড়া কোনো ছাত্র যদি কোনোভাবে সন্ত্রাসের শিকার হয় তবে সেক্ষেত্রে সন্ত্রাসকারীর বিরুদ্ধে ত্বরিত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে সভায় সিদ্ধান্ত হয়। কেউ যেন নিজের হাতে আইন তুলে না নেয়, সে বিষয়ে কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবে।

আলোচনা সভায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পক্ষে উপাচার্য অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী, প্রো-উপাচার্য অধ্যাপক জেড এন তাহমিদ বেগ এবং প্রক্টর নজরুল ইসলাম অংশ নেন। ছাত্রলীগ নেতৃবৃন্দের মধ্যে বাহাদুর বেপারী, লিয়াকত সিকদার, বেগ শাহীন জানান, এ কে এম আজিমসহ কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় কমিটির ২২ জন ছাত্র নেতা আলোচনা সভায় উপস্থিত ছিলেন।